# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭১৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ (৯) পাঁচ ওয়াক্ত সালাতের ফযীলত - পাঁচ ওয়াক্ত সালাতের সময় প্রবেশের সময় আসমানের দরজাসমূহ খুলে দেওয়া হয়

ـ ذِكْرُ فَتْحِ أَبْوَابِ السَّمَاءِ عِنْدَ دُخُولِ أَوْقَاتِ الصلوات المفروضات 9 ـ بَابُ فَضْلِ الصَّلَوَاتِ الْخَمْسِ

---

আরবী

1717 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ مُحَمَّدِ بْنِ الْفَضْلِ السِّجِسْتَانِيُّ بِدِمَشْقَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ إِسْمَاعِيلَ الْبُخَارِيُّ حَدَّثَنَا أَبُو الْمُنْذِرِ إِسْمَاعِيلُ بْنُ عُمَرَ عَنْ مَالِكٍ عَنْ أَبِي حَازِمٍ عَنْ سَهْلِ بْنِ سَعْدٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم:
(ساعتان تُفتح فيها أَبْوَابُ السَّمَاءِ: عِنْدَ حُضُورِ الصَّلَاةِ وَعِنْدَ الصَّفِّ في سبيل الله)
الراوي : سَهْلِ بْنِ سَعْدٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 1717 | خلاصة حكم المحدث: صحيح ـ ((التعليق الرغيب)) (1/ 114 و 115 ـ 116).

বাংলা

১৭১৭. সাহল বিন সা'দ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “দুটি সময়ে আসমানের দরজাসমূহ খুলে দেওয়া হয়: সালাতের ওয়াক্ত উপস্থিত হওয়ার সময় ও আল্লাহর রাস্তায় জিহাদে সারিবদ্ধ হওয়ার সময়।”[1]

ফুটনোট

[1] ইমাম বুখারী, আল আদাবুল মুফরাদ: ৬৬১; মুয়াত্তা ইমাম মালিক: ১/৭০; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১০/২২৪; তাবারানী: ৫৭৭৪; আবূ দাঊদ: ২৫৪০; দারেমী: ১/২৭২; হাকিম: ১/১৯৮; সুনান বাইহাকী: ১/৪১০; তাবারানী: ৫৭৫৬; ইবনুল জারূদ: ১০৬৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ১/১১৪-১১৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ সাহল বিন সা'দ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90933

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন